CAREERINDIA

# BENGALI

**(Second Language)**

**(*Time allowed : Three hours*)**

***Answer to this Paper must be written on the paper provided separately.***

*You will **not** be allowed to write during the first **15** minutes.*

*This time is to be spent in reading the question paper.*

***The time given at the head of this Paper is the time allowed for writing the answers.***

---

*This paper comprises of **two** Parts : Language and Literature.*

*Attempt **all** the questions from Language Part.*

*Attempt **Four** questions from Literature Part, Section B.*

*The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

---

## SECTION—A

**Language (40 Marks)**

*Attempt **all** the questions.*

**Question 1**

Write a short composition in **Bengali** of approximately **250** words on any **one** of the following topics :— [15]

নীচের বিষয়গুলি থেকে যে কোন **একটি** বিষয় নিয়ে আনুমানিক **250** শব্দের মধ্যে একটি প্রবন্ধ বচনা কর ঃ—

(i) ‘তোমার প্রিয় উৎসব’।

(ii) একজন সুনাগরিক হিসাবে দেশ ও জাতি গঠনে তুমি কি কি দায়িত্ব গ্রহণ করবে।

(iii) কেউ বলেন, গ্রামের জীবন ভালো ; আবার কেউ কেউ বলেন শহরের জীবনই ভালো। অন্য আর একটি মত অনুসারে গ্রাম জীবন ও শহর জীবনে দুই ক্ষেত্রেই সমস্যা আছে। গ্রাম জীবন আর শহর জীবনের মধ্যে যে সুবিধে, অসুবিধের দিকগুলি রয়েছে বলে মনে কর, তা আলোচনা কর।

(iv) ‘বন্ধুত্ব’— এই শিরোনাম দিয়ে একটি মৌলিক গল্প রচনা কর।

www.careerindia.com

CAREERINDIA

(v) নিচের প্রদত্ত ছবিটি মনোযোগ সহকারে দেখ ও এটির বিস্তারিত বর্ণনা দাও, অথবা ছবিটি তোমার মনে যে ভাব ফুটিয়ে তুলেছে তা স্পষ্ট করে লেখ। ছবিটির সঙ্গে তোমার রচনার ঘনিষ্ঠ সম্বন্ধ থাকা চাই।



www.careerindia.com

**Question 2**

Write a letter in **Bengali** in approximately **120** words on any **one** of the topics given below :–

নিম্নলিখিত বিষয় দুটির মধ্যে যে কোন **একটি** বিষয় নিয়ে আনুমানিক 120 শব্দের মধ্যে একটি পত্র লেখ ঃ— [7]

(i) স্কুলের লাগোয়া দুটি রাস্তাতেই তীব্র হর্ণের উৎপাত প্রতিদিন ক্লাসের পড়ায় ব্যাঘাত ঘটায়— এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়ে লাল বাজার ট্রাফিক পুলিশ দপ্তরে একটি চিঠি লেখ।

(ii) তোমার শহরের বিভিন্ন দর্শনীয় স্থানের বর্ণনা করে, তোমার কোন বিদেশে থাকা আত্মীয়কে তোমার শহর দেখতে আসার আমন্ত্রণ জানিয়ে একটি চিঠি লেখ।

CAREERINDIA

**Question 3**

Read the passage given below and answer in **Bengali** the questions that follow, using your own words as far as possible :–

নিচের অংশটি ভাল করে পড়ে প্রদত্ত প্রশ্নগুলির ঠিক মত উত্তর নিজের ভাষায় লেখ ঃ——

জগৎ শেঠরা ছিলেন মুর্শিদাবাদের ধনকুবের। বারো মাস টাকার খনিতে বাস, সিন্দুক ভর্তি সোনা-দানা-মণি-মাণিক্য। নবাব সিরাজদ্দৌলার টাকার দরকার পড়লেই দরবারে ডাক পড়ত শেঠদের। আজ এত টাকা চাই। কাল এত টাকা চাই। কথা খসলেই হল মুখ থেকে। সঙ্গে সঙ্গে টাকা এসেও হাজির। কলকাতাতেও সেই সময় অমনি এক জগৎ শেঠ ছিলেন যাঁর নাম লক্ষ্মীকান্ত ধর। ডাক নাম নকু ধর।

তখনো পলাশীর যুদ্ধ হয়নি। ইংরেজরা তখনো শুধুই ব্যবসাদার। ব্যবসা করতে গেলে মাঝে মাঝেই টান পড়ে তহবিলে। তখন কার কাছে হাত পাতা যায় ? অমনি মনে পড়ে যেত নকু ধরের নাম। নকু ধরের আদিবাস ছিল সপ্তগ্রামে। ইংরেজদের সঙ্গে খুবি দহরম-মহরম। কারণ অল্প-স্বল্প হলেও, ইংরেজিটা বলতে পারতেন।

নকু ধর একবার গঙ্গার ঘাটে বসে জপ করছিলেন, হঠাৎ তাঁর চোখে পড়ল জলের মধ্যে আধমরা সাহেবের দেহ। চাকর-বাকরদের ডেকে সাহেবকে তুলে আনা হয় ডাঙায়। নকু ধর তাকে নিজের বাড়িতে তুললেন। সেবা যত্ন পেয়ে সে যাত্রায় বেঁচে গেল সাহেব। তারপর থেকে নকু ধরের নতুন বাজারের বাড়িতেই সাহেবের সঙ্গে কথা বলতে বলতে নকু ধর মোটামুটি শিখে গেলেন ইংরেজিটা। আর তার ফলেই সাহেব-সুবোদের সঙ্গে তাঁর মেলামেশা, দেখা-সাক্ষাৎ, কথাবার্তা বেড়ে চলল দিনকে দিন। এই ভাবে একদিন হয়ে উঠলেন লর্ড ক্লাইভের দেওয়ান। দুহাতে রোজগার, টাকার দরকার পড়লেই ইস্ট ইণ্ডিয়া কোম্পানির লোকজন ছুটে আসে তাঁর কাছে। ইংরেজদের কাছে নকু ধরের দারুন খাতির। রাজা নবকৃষ্ণের তখন মোটে১৮ বছর বয়স। কাজকর্ম নেই। সেই সময় ঐ নকু ধরই নবকৃষ্ণকে নিয়ে গিয়েছিলেন ক্লাইভের কাছে। সঙ্গে সঙ্গে চাকরি, হেস্টিংসকে ফারসী ভাষা শেখানোর।

প্রশ্ন : (i) জগৎ শেঠকে ধনকুবের বলা হয়েছে কেন ? কুবের কিসের দেবতা ছিলেন ? [2]

(ii) এই রচনায় অন্য এক শেঠের কথা বলা হয়েছে, তার নাম কী ? তিনি কোথাকার আর কোন নামে পরিচিত ছিলেন ? [2]

(iii) সপ্তগ্রামের শেঠ কী ভাবে ইংরেজি শিখেছিলেন ? ইংরেজি শেখার সুফল কী হল ? [2]

(iv) সপ্তগ্রামের শেঠের সঙ্গে পরিচিত হওয়ায় কার কী লাভ হল ? [2]

(v) (ক) 'ধনকুবের' শব্দের মানে লেখ। [1]

(খ) 'মেলামেশা' শব্দটি দিয়ে একটি বাক্যরচনা কর। [1]

www.careerindia.com

CAREERINDIA

**Question 4**

Answer the following questions according to the instructions given :–
নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর নির্দেশানুসারে লেখ ঃ–

(1) নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর ঃ------

(ক) তুমি সুখী হলে আমিও সুখী হব। ('তোমার' শব্দটি ব্যবহার করে বাক্যটি লেখ।) [1]

(খ) শরৎচন্দ্র নিষ্কৃতি রচনা করেছিলেন। ('রচিত' শব্দটি ব্যবহার করে বাক্যটি লেখ।) [1]

(গ) মানিকলাল বলল সে মরতে ভীত নয়। (বাক্যটির উক্তি পরিবর্তন কর।) [1]

(ঘ) স্টেশনে পৌঁছতেই ট্রেন ছেড়ে দিল। ('আর' ব্যবহার করে বাক্যটি লেখ।) [1]

(2) চলিত ভাষায় লেখ :

যুবক উত্তরের প্রতীক্ষা না করিয়া বাহিরে আসিলেন। বাহিরে আসিয়া দেখিলেন যে প্রায় প্রভাত হইয়াছে। [2]

(3) ঠিক বানানটি লেখ :

মুহুর্ত / মুহূর্ত। বিদ্যান / বিদ্বান। শষ্য / শস্য। বিভীষিকা / বীভিষীকা। [2]

## SECTION—B (40 Marks)

*Attempt **four** questions from this section.*

*You must answer at least **one** question from each of the **two** books you have studied and any **two** other questions.*

**সংকলিতা—ছোটি গল্প**

**SONKOLITA—SHORT STORIES**

**Question 5**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–
'ছেলেরা পরমাহ্লাদে আশুকে ঘিরিয়া 'গিন্নি গিন্নি' করিয়া চীৎকার করিতে লাগিল'—

**গিন্নি—রবীন্দ্রনাথ ঠাকুর**
**Ginni—Rabindranath Tagore**

(i) গল্প লেখকের নাম বলে গল্পের নাম বল। [2]

(ii) 'গিন্নি গিন্নি' বলে কার উদ্দেশ্যে চীৎকার হচ্ছিল ? তার প্রকৃতি কেমন ছিল ? [2]

(iii) 'গিন্নি' এই নামকরণ কেন করা হয়েছিল ? [3]

(iv) এই নামকরণ করা সম্বন্ধে তোমার মতামত দাও। [3]

www.careerindia.com

CAREERINDIA

**Question 6**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'সুকোমল শয্যার পরিপাট্যে প্রসন্ন গুরুদেব মনে মনে নন্দরাণীকে আশীর্বাদ করলেন।'

**লালু——শরৎচন্দ্র চট্টোপাধ্যায়**
**Lalu—Sharatchandra Chattopadhyay**

(i) সুকোমল শয্যা কার জন্য কেন আয়োজন করা হয়েছিল ? [2]
(ii) নন্দরাণী কে ? তার ছেলের নাম কী ? [2]
(iii) নন্দরাণী তার গুরুদেবের জন্য কী কী আয়োজন করেছিলেন ? [3]
(iv) নন্দরাণীর পুত্র তার মায়ের গুরুদেবের জন্য কী ব্যবস্থা করেছিল ? [3]

**Question 7**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'আমার দোকানে কোনও কাজ খালি নেই তোকে তো আগেই বলেছি। আর অফিসে বেয়ারাগিরি পাওয়া আজকাল ভারী কঠিন। আমার যতটুকু সাধ্য করছি তোর যদি পছন্দ না হয় নিসনে।'

**নাম——নরেন্দ্রনাথ মিত্র**
**Naam—Narendra Nath Mitra**

(i) বক্তা কে ? বক্তা কার উদ্দেশ্যে একথা বলেছেন ? [2]
(ii) কিসের দোকান ছিল ? দোকানের সামনের অবস্থা কেমন ছিল ? [2]
(iii) দোকানে কেন নূতন লোকের প্রয়োজন ছিল না ? [3]
(iv) শ্রোতার পারিবারিক অবস্থা কেমন ছিল ? [3]

**সংকলিতা——কবিতা**
**SONKOLITA—POEMS**

**Question 8**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'জন্মিলে মরিতে হবে
অমর কে কোথা কবে'—

**বঙ্গভূমির প্রতি——মাইকেল মধুসূদন দত্ত**
**Bangabhumir Prati—Michael Madhusudan Dutta**

(i) কবি ও কবিতার নাম বল। [2]
(ii) কবি কেন একথা বলেছেন ? [2]
(iii) কবির বক্তব্য নিজের ভাষায় লেখ। [3]
(iv) প্রকৃত অর্থে কবি কি চেয়েছিলেন ?

www.careerindia.com

CAREERINDIA

**Question 9**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'দাও সেই তপোবন পুণ্যচ্ছায়া রাশি'

**সভ্যতার প্রতি—রবীন্দ্রনাথ ঠাকুর**
**Sabhyatar Prati—Rabindranath Tagore**

(i) কাকে উদ্দেশ্য করে কথাগুলি বলা হয়েছে ? [2]

(ii) তপোবন বলতে কী বোঝ ? এখানে কবি কোথায় যেতে চান ? [2]

(iii) কবি কেন 'তপোবন'কে ফিরিয়ে আনার কথা বলেছেন ? [3]

(iv) কবির এই ভাবনার মধ্য দিয়ে তাঁর কোন্ মনোভাবের পরিচয় পাই ? [3]

**Question 10**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'আবার আসিব আমি বাংলার নদী মাঠ ক্ষেত ভালোবেসে' —

**আবার আসিব ফিরে—জীবনানন্দ দাশ**
**Abar Ashibo Phire—Jeevanananda Das**

(i) কথাগুলি কে কোথায় বলেছেন ? [2]

(ii) কবি কেন বলেছেন 'আবার আসিব আমি' ? [2]

(iii) কবির সারাদিন কিভাবে কাটে ? [3]

(iv) কবির এই ভাবনার মধ্য দিয়ে তাঁর কোন্ মনোভাবের পরিচয় পাই ? [3]

**'চাঁদের পাহাড়'—বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়**
**Chander Pahar—Bibhutibhushan Bandyopadhyay**

**Question 11**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'কিন্তু তার একটি বিষয়ে অদ্ভুত জ্ঞান ছিল। তার বাতিক ছিল যত রাজ্যের ম্যাপ ঘাঁটা ও বড় বড় ভূগোলের বই পড়া।'

(i) উপন্যাসটি কার লেখা ? এটি কোন ধরণের উপন্যাস ? [2]

(ii) 'তার' বলতে কার সম্পর্কে বলা হয়েছে ? সে কোথাকার ছেলে ছিল ? [2]

(iii) ছেলেটির পারিবারিক অবস্থা কেমন ছিল ? [3]

(iv) ছেলেটির সম্বন্ধে কী জান, লেখ। [3]

www.careerindia.com

## Question 12

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'ওর মনে আজ ভোরের স্বপ্নটা দাগ কেটে বসে গিয়েছে।'

(i) 'ওর' বলতে কার কথা বলা হয়েছে ? কোন্ বইটি ওকে মুগ্ধ করেছিল ? [2]

(ii) 'ওর' মন কোথায় উড়ে যেতে চায় ? [2]

(iii) ভোরের স্বপ্নটা কী ছিল, নিজের ভাষায় লেখ। [3]

(iv) স্বপ্ন সত্যি হবে মনে করে সে কোথায় গিয়েছিল ? [3]

## Question 13

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'নতুন দেশ শঙ্করের তরুণতাজা মন ......... যেন খুঁজে পেলাম।'

(i) শঙ্কর কোথায় গিয়েছিল ? কার সাথে গিয়েছিল ? [2]

(ii) শঙ্কর ওখানে গিয়ে প্রথমে কোন্ ঘটনার সম্মুখীন হল ? [2]

(iii) ঘটনাটি দুঃখজনক ছিল কেন ? [3]

(iv) ওখানে গিয়ে শঙ্করের সঙ্গে কার বন্ধুত্ব হল ? সে কেমন লোক ছিল ? [3]

**'জাম্বো'——মোহিত চট্টোপাধ্যায়**

**Jumbo—Mohit Chattopadhyay**

## Question 14

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–

নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'আনন্দবাবু ! কে আনন্দবাবু ! আমার এ নামটা ভুলে যেতে চাইছি মশাই।'

(i) আনন্দবাবু কে ? কাকে উদ্দেশ্য করে এ কথা বলছেন ? [2]

(ii) আনন্দবাবু নিজের নাম বদল করে কী নাম দিতে চান ? কেন এই নাম নিতে চান ? [2]

(iii) আনন্দবাবু নিজের নাম ভুলে যেতে চাইছেন কেন ? [3]

(iv) কোন স্থানে এই কথোপকথন হচ্ছিল — স্থানটির বর্ণনা দাও। [3]

www.careerindia.com

CAREERINDIA

**Question 15**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'আপনি বলতে চান এনটারটেনিং মিডিয়া ভাইরাস ছড়াচ্ছে।'

(i) বক্তা কে ? কার উদ্দেশ্যে একথা বলেছেন ? [2]

(ii) এনটারটেনিং মিডিয়া বলতে কী বোঝ ? কী ভাবে তা ছড়াচ্ছে বলে বক্তা মনে করেন ? [2]

(iii) ভাইরাস বলতে কী বোঝ ? কী ভাবে তা ছড়াচ্ছে বলে বক্তা মনে করেন ? [3]

(iv) এই ভাইরাস ছড়ানোর বিষয় এল না কেন ? [3]

**Question 16**

Read the extract given below and answer in **Bengali** the questions that follow :–
নিচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ ঃ–

'চোঁ চোঁ করে গিলছে আর ছিপিটি থলেয় পুরছে'

(i) বক্তা কে ? কার উদ্দেশ্যে একথা বলা হয়েছে ? [2]

(ii) চোঁ - চোঁ করে কী গিলছে ? ছিপিটি থলেতে পুরছে কেন ? [2]

(iii) এই গেলার সাথে অন্য আর কী খাচ্ছে ? কী ভাবে ? [3]

(iv) এর মধ্যে দিয়ে নাট্যকারের কোন মনোভাব প্রকাশিত হয়েছে ? [3]

www.careerindia.com